# পাইকগাছা উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মাহেরা নাজনীন,প্রশাসক,উপজেলা পরিষদ
পাইকগাছা,খুলনা।
তারিখ : ২৮/০৪/২০২৫ সোমবার।
সময় : সকাল ১১.৩০ টা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,পাইকগাছা উপজেলা বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা হচ্ছে। উপকূলীয় জেলাসমূহের বৃষ্টির পানি সংরক্ষনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প ও সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর নির্মাণ কাজ চলমান আছে। এছাড়া মানব সম্পদ প্রকল্পের আওতায় স্মল পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম এর নির্মাণ কাজ শুরু হয়েছে।এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সঠিক সময়ে কাজ সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)। |
| ২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,২০২৪-২৫ অর্থবছরে ১ম ও ২য় কিস্তির টিআর,কাবিখা,কাবিটা,ব্রীজ, কালভার্ট,এইচ বিবি রাস্তার কাজ চলমান আছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | যথা সময়ে কাজ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান।<br>৩। প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ। |
| ৩। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান এপ্রিল/২৫ মাসে বহিঃ বিভাগে রোগীর সংখ্যা পাইকগাছা হাসপাতালে ৪৬৬৭ জন, আন্তঃবিভাগে রোগীর সংখ্যা ৬৪২ জন। জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১০৮৭ জন। বেডঅকুপেন্সী রেট, ১১৬.৭৯%। এএনসি প্রসব পূর্ববর্তী সেবার সংখ্যা ২২৪ জন। পিএনসি সেবার সংখ্যা ৮০ জন। নরমাল ডেলিভারীর সংখ্যা ১৫ জন, হাসপাতালে সিজারিয়ান অপারেশনের সংখ্যা ০৮ জন। ওআরটি কর্ণারের রোগীর সংখ্যা ১৫৪ জন, শিশু জন্মের সংখ্যা ২৫৪জন। যক্ষা রোগীর সংখ্যা ৪৪ জন। এ ছাড়া ও তিনি জানান তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত মনিটরিং করতে হবে। সঠিক সময় সঠিক সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ৪। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে এপ্রিল/২৫ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৫৯,৬১৬ জন। জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭,২৮২। সি.এ.আর ৭৯.৩১%। পরিবার পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে ০৩জন (পুরুষ-০, মহিলা-৩) । আই,ইউ,ডি ১৯ জন। ইনজেকশান দেওয়া হয়েছে ৭২৫ ভায়াল। খাবার বড়ি ১৯৮২ চক্র এবং কনডম ৪০০৮ পিচ বিতরণ করা হয়েছে। ইমপ্লান্ট ৩২ জন। মা ও শিশুর স্বাস্থ্য সেবায় গর্ভবতী সংখ্যা-১১১০ এ,এন,সি-১২৪ জন, পিএনসি-৫৩ জন, ডেলিভারি-১ জন, সিএসবিএ কর্তৃক- ০৮। জীবিত জন্ম ১৬২জন, শিশুস্বাস্থ্য সেবা কেন্দ্রে ৫০২ জন,কেন্দ্রের বাইরে ০০ জন,সাধারণ রোগী ২৫৭৫৫ জনকে সেবা দেয়া হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সঠিক সেবা প্রদান করতে হবে। মেডিকেল অফিসারগণ যেন মানুষকে যথাযথ সেবা প্রদান করতে পারেন তার ব্যবস্থা করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,পাইকগাছা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | উপজেলা কৃষি অফিস। | উপজেলা কৃষি অফিসার জানান, পাইকগাছা উপজেলায় ৯০ ভাগ ধান কর্তন শেষ হয়েছে। পাইকগাছা উপজেলায় তরমুজের ফসল ভাল তরমুজ সংগ্রহের কাজ প্রায় শেষ পর্যায়। এ ছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কৃষকদের নতুন প্রযুক্তির প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সার্বিক সহযোগিতা করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, পাইকগাছা। |
| ৬। | উপজেলা প্রাণি সম্পদ অফিস। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান,এপ্রিল/২৫ মাসে গবাদি প্রাণি ১৩২৪ মাত্রা, হাঁস-মুরগী ৪৮৫০০ মাত্রা টিকা দান সম্পন্ন করা হয়েছে। গবাদি প্রাণি ২২০২ টি ও হাঁস মুরগী ১৬৬০৫ টিকে চিকিৎসা দেয়া হয়েছে। কৃত্রিম প্রজনন সংখ্যা ৬৫০টি ও কৃত্রিম প্রজননে বাচ্চা জন্মের সংখ্যা ৭২৫টি। টিকা বীজ বিক্রয় বাবদ ২২,২০০/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৪৮৭৫০/- টাকা রাজস্ব আয় হয়েছে। মুরগীর খামার পরিদর্শন করা হয়েছে ১২ টি,গাভীর খামার পরিদর্শন করা হয়েছে ০৯ টি।পাইকগাছা উপজেলায় মোট কোরবানি যোগ্য পশুর পরিমান ৬৪২৯টি। মোবাইল ভেটোনারী টিম চাঁদখালি,বাঁকা,গদাইপুর ও কালিনগর অবস্থান করবেন। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত কার্যক্রমের পাশাপাশি জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার পাইকগাছা। |
| ৭। | উপজেলা মৎস্য অফিস। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, সামুদ্রিক মৎস্য বিধিমালা ২০২৩ মোতাবেক সমুদ্রে মৎস আহোরণের নিমিত্তে মৎস্য অর্টিসানাল মৎস্য নৌযানের মৎস্য আহোরণের অনুমতিপত্র বাধ্যতামূলক করা হয়েছে। এ ক্ষেত্রে নৌযান মালিকদের অনুকুলে অনুকুলে মৎস্য আহোরণের অনুমতিপত্র ইস্যু করা হবে এবং নৌযানের মালিকানা নির্ধারনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভা প্রত্যয়ন করিবেন। নিরাপদ মৎস্য ও মৎস্যপন্য পরিদর্শন ও মান নিয়নত্রন আইনে চিংড়ীমাছে অপদ্রব্যপুশ অভিযান পরিচালিত হচ্ছে। অবৈধজাল নির্মুলের অভিযান পরিচালিত হচ্ছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ বন্দে ওসি পাইকগাছা থানা এবং সকল ইউপি চেয়ারম্যান ব্যবস্থা নিবেন। | সিনিয়র.উপজেলা.মৎস্য কর্মকর্তা পাইকগাছা,ওসি পাইকগাছা,ইউপি চেয়ারম্যান সকল। |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে এপ্রিল/২৫ মাসে তিনি ৯টি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ৫২টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। এ ছাড়া বিভিন্ন বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজ পরিদর্শন করা হয়। | মান সম্মত শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা শিক্ষা অফিসার,পাইকগাছা। |
| ৯। | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায়ের ব্যপারে সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সকল ইউপি,চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন। | ১। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা।<br>২। ইউপি চৈয়ারম্যান(সকল) |
| ১০ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে তার অফিসের সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | প্রতিটা সমবায় সমিতির সার্বিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ১১ | উপজেলা সমাজ সেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,এপ্রিল/২৫ মাসে ডাটা এন্ট্রির কাজ বয়স্ক ৫০৯৯,বিধবা ২২৬২,প্রতিবন্ধী ২১৬ জনের তথ্য এমআইএস এ প্রদান করতে সক্ষম হয়েছি। আরএসএস এর ঋণ আদায়ের হার ৯১%। পল্লী মাতৃকেন্দ্রের ঋণ আদায়ের হার ৯৭%। প্রতিবন্ধীদের পুনর্বাসন ঋণ আদায়ের হার ৭৪%, আশ্রয়ন ৬০% চলতি অর্থবছরে ৬৫০৮ জনকে বয়স্ক ভাতা, ১২১৬ জনকে প্রতিবন্ধী ভাতা,৩০৩০ জনকে বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, ১৭৯ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি এবং দলিত হরিজনদের শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে ২০ জনকে। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ সুষ্টভাবে চলছে মর্মে জানান। | সঠিক সময় সঠিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,পাইকগাছা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ চক্রের ২৫৮০ জন(ভি ডব্লিউ বি)উপকার ভোগীদের মধ্যে প্রতি মাসে ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। চলতি মাসে মাও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৭২ জন ভাতা ভোগীকে চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। চলতি মাসে বাল্যবিবাহ প্রতিরোধ,নারী ও শিশু নির্যাতন,পাচার প্রতিরোধে ৩টি সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। ১০টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১১টি ক্লাবে ভর্তি হওয়া ৩৩০ জন কিশোর কিশোরীকে সংগীত,আবৃত্তি,ক্যারাতে এবং বিভিন্ন সমাজিক সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাইকগাছা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পাইকগাছা উপজেলায় বিআরডিবিভুক্ত সমিতি/দলের সংখ্যা ৩৩টি। সদস্য সংখ্যা ২২২৯৩ জন। বিআরডিবি মূল কর্মসূচীর বর্তমান বর্ষে ঋণ বিতরণ হয়েছে ৩৭.১০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫৭১৯.৬৫ লক্ষ টাকা। ঋণ আদায় ৯৫.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৫১৬৬.৯০ লক্ষ টাকা। মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ১২০.৬০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৭% টাকা। তিনি বলেন উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বি আর ডিবির(জোড়া বাড়ী) দুইটি ভবন আছে। অত্যন্ত জরাজীর্ণ এবং ঝুঁকিপূর্ণ হওয়ায় যে কোন সময় ভেঙ্গে পড়ে বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। এ জন্য তিনি ভবন দুটি পরিত্যক্ত ঘোষনা করা একান্ত প্রয়োজন বলে জানান। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ঋণ বিতরণের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>২। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাইকগাছা।<br>২। উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন,শিক্ষকদের গুনগত মান নিশ্চিত করার জন্য সার্বিক কার্যক্রম চলমান আছে। মাধ্যমিক বিদ্যালের শিক্ষার মান উন্নয়নের জন্য পরিদর্শন কার্যক্রম চলমান আছে। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১।শিক্ষা প্রতিষ্ঠান সমূহ যথা সময়ে পরিদর্শন করে শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে হবে। ২। প্রতিটা বিদ্যালয়ে লাইব্রেরী চালু রয়েছে কিনা সেটি নিশ্চিত করেত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা বলেন,বর্ষামৌসুম আগত বর্ষা মৌসুমে গাছ লাগানোর উপযুক্ত সময় সকলকে গাছ লাগানোর জন্য আহবান করেন। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | গাছ লাগানোর উপর গুরত্ব দিতে হবে। | বণ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ১৬ | পল্লী সঞ্চয় ব্যাংক, পাইকগাছা শাখা খুলনা। | উপজেলা শাখা ব্যাবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক ক্ষুধা ও দারিদ্র বিমোচনের জন্য অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে পাইকগাছা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ট ভাবে পরিচালিত হচ্ছে। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম এখন অনলাইন ভিত্তিক মোট সমিতির সংখ্যা ২৯৫টি। ঋণ আদায়ের কার্যক্রম চলমান আছে। আদায়ের হার ৮০% আদায় কার্যক্রম ১০০%করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য বলা হল। | শাখা ব্যাবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা প্রকৌশল অফিস,পাইকগাছা, খুলনা। | উপজেলা প্রকৌশল সভায় জানান যে ২০২৪-২৫ অর্থবছরে এডিপির ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দের উপর ভিত্তিকরে নীতিমালার আলোকে টেন্ডার কার্যক্রম সমাপ্ত হয়েছে। বর্তমানে এডিপি ও অন্যান্য কার্যক্রম চলমান আছে। | নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পাইকগাছা, খুলনা। |

০১) যৌতুক,বাল্য বিবাহ,জন্ম ও মৃত্যুসংক্রান্ত আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, যৌতুক,বাল্য বিবাহ ও মাদক প্রতিরোধে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য ইউনিয়ন পর্যায়ে জনসমাবেশের আয়োজন করা যেতে পারে। তিনি সকল জন্ম নিবন্ধন অনলাইনে করা এবং একই সাথে যথাযথ ভাবে মৃত্যু নিবন্ধন শত ভাগ নিশ্চিত করার জন্য পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের প্রতি আহবান জানান।

সিদ্ধান্ত ঃ মাদক দ্রব্য, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে জারী গান ও জনসমাবেশের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হবে এবং অনলাইনে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা হবে। বাস্তবায়নেঃ পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ।

২) মার্চ/২০২৫ মাসের রাজস্ব আয়ঃ

| প্রাপ্তির বিবরণ | টাকার পরিমান |
|---|---|
| ১। ১% ভূমি হস্তান্তর কর বাবদ আদায়। | ৯,৭৫,৭০১.৮৫/-টাকা। |
| ২। দোকান ভাড়া | ৫০০/-টাকা। |
| ৩। মাইক্র স্টান্ড ভাড়া | ১০,০০০/-টাকা। |
| ৪। বাসষ্ট্যান্ড ভাড়া | ১৫,০০০/-টাকা। |
| মোট আয় ঃ | ১০,০১২০১.৮৫টাকা। |

৩) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মার্চ/২০২৫ মাসের ব্যয়ঃ

| | |
|---|---|
| ১। উপজেলা পরিষদে এক জন মালী,এক জন পরিচ্ছন্ন কর্মী ও এক জন নিরাপত্তা কর্মীর দৈনিক মজুরী বাবদ ব্যয়। | ২৮,৮৩৩/-টাকা। |
| ২। আপ্যায়ন ও আনুষংগিক বাবদ ব্যয়। | ৩০,৬২৫/-টাকা |
| ৩। বর্জ্য পরিস্কার বাবদ ব্যয় বাবদ। | ১৫০০০/-টাকা |
| মোট ব্যয় | ৭৩,৯৫৮/-টাকা। |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উক্ত ব্যয়ের অনুমোদন দেয়া হয়। এ ছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ভাড়াদি যথাসময়ে আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা ঃ**

আলোচনা ০১। উপজেলা নির্বাহী আফিসার বলেন,বাংলা ১৪৩২ সনের জন্য পাইকগাছা উপজেলাধী চাঁদখালি ইউনিয়নের কাটাখালি বাজারটি ইজারা প্রদান করা হয়। সর্বোচ্চ দরদাতা হিসাবে মোঃ ইসমাইল হোসেনকে নীতি মালার আলোকে ইজারা প্রদান করা হয়। নীতিমালা অনুযায়ী সে সরকারি কোষাগারে ২২,০০০/-টাকা জমা করেন। কিন্তু তিনি বর্তমানে আর্থিক অসচ্ছলতা ও পারিবারিক কারণে বাকী টাকা পরিশোধ করতে পারছেনা মর্মে হাটটি বাতিল করার জন্য আবেদন করেছেন। তাঁর জমাকৃত ২২,০০০/-টাকা সরকারী কোষাগার থেকে ফেরত নেবেন না মর্মে উক্ত দরখাস্তে উল্লেখ করেছেন। নিম্ন বর্ণিত হাটটি বাতিল কারার প্রস্তাব করেন।

| হাটবাজারের নাম | সরকারি মূল্য | প্রাপ্ত দর | ইজারাদারের নাম | মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| কাটাখালি হাট | ৫৭,২৯৮/- | ৭৩,০০০/- | মোঃ ইসমাইল হোসেন<br>পিতা ঃ আব্দুল লতিফমালী<br>সাং ঃ কৃষ্ণ নগর<br>চাঁদখালি,পাইকগাছা,খুলনা। | ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র | সরকারি ইজারা মূল্য পরিশোধ করতে না পারায় ২য় এবং ৩য় আবেদনকারী ইজারা নিতে অস্বিকার করায় হাট বাজার নীতিমালা ২০১১, অনুযায়ী বিডি বাজেয়াপ্ত পূর্বক হাটটি বাংলা ১৪৩২ সনের জন্য বাতিল করা হয়। |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে সরকারি ইজারা মূল্য পরিশোধ করতে না পারায় বিডি বাজেয়াপ্ত পূর্বক হাটটি বাংলা ১৪৩২ সনের জন্য বাতিল করা হয়। হাটবাজার নীতিমালা ২০১১ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

CamScanner

আলোচনা: ০২। ইউপি সদস্য রাম চন্দ্র টিকাদার দেলুটি ইউপি বলেন, দেলুটি ইউনিয়নের দেলুটি দারুনমল্লিক বাজার থেকে ফুলবাড়ী বাজার অভিমুখে ডাবল ইটের সোলিং রাস্তা সংস্কার করা আশু প্রয়োজন রাস্তাটির অবস্থা অত্যন্ত নাজুক । রাস্তাটিতে বড়বড় গর্তের সৃষ্টি হওয়ায় চলাচল ঝুঁকি পূর্ণ হয়ে পড়েছে। পাইকগাছা থেকে খুলনা যেতে আঠারমাইল ,তালা,চুকনগর হয়ে প্রায় ৬৫- ৭০ কি:মি: পথ অতিক্রম করে খুলনা যেতে ৩-৪ ঘন্টা সময় লাগে। উল্লেখিত রাস্তাটি বিকল্প রাস্তা হিসাবে ব্যবহার করলে ৪৫ কি:মি: পথ কম হবে। এ ছাড়া কৃষি পণ্য পরিবহনের জন্য গুরুত্বপূর্ণ একটি স্থল পথ। দেলুটি ইউনিয়নের কৃষকরা এই রাস্তা দিয়ে বিভিন্ন কৃষি পণ্য পরিবহন করে থাকে। এই সড়কটি দেলুটি ইউনিয়নের একটি জনগুরুত্বপূর্ণ সড়ক। উক্ত রাস্তাটি অতিদ্রুত সংস্কার করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদে সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে দেলুটি ইউনিয়নের দেলুটি দারুনমল্লিক বাজার থেকে ফুলবাড়ী বাজার অভিমুখে ডাবল ইটের সোলিং রাস্তাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী ,সড়ক ও জনপদ অধিদপ্তর,খুলনা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা: ০৩। উপজেলা প্রকৌশলী বলেন,১। খড়িয়া খালধার সংলগ্ন জরাজীর্ণ কাঠের ব্রিজ মেরামত ২। মালথ শেখ পাড়া সংলগ্ন শেখ জামিনের বাড়ীর রাস্তার ৩। লস্কর মধ্যপাড়া মেইন রাস্তা হইতে বারী গোলদারের বাড়ী পর্যন্ত রাস্তার অবস্থা খুবই খারাপ অতিদ্রুত রাস্তা দুইটি সংস্কার না করলে জনসাধারণের চলাচলের সমস্যার সৃষ্টি হচ্ছে রাস্তাদুইটি উন্নয়ন তহবিল(রাজস্ব স্থানান্তর)/এডিপির ৫% লেসের টাকায় সংস্কার করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে উল্লেখিত প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃতীত হয়।

| ক্র: নং. | প্রকল্পের নাম | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | খড়িয়া খালধার সংলগ্ন জরাজীর্ণ কাঠের ব্রিজ মেরামত। | ১,০০,০০০/- | উন্নয়ন তহবিল/এডিপির ৫% লেসের টাকা। (RFQ) |
| ২। | মালথ শেখ পাড়া সংলগ্ন শেখ জামিনের বাড়ীর রাস্তার অসমাপ্ত কাজ সমাপ্ত করণ। | ১,৫০,০০০/- | |
| ৩। | লস্কর মধ্যপাড়া মেইন রাস্তা হইতে বারী গোলদারের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। | ২,০০,০০০/- | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩- ৮৩৮(৫০) তারিখ ঃ ০৮/০৫/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা
৪। উপজেলা ............................................ কর্মকর্তা, (সংশিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। প্রশাসক/চেয়ারম্যান.............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব ............................................ .পাইকগাছা , খুলনা।

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।